MAY 1 2 2002

দৈনিক ইনকিলাব

## মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠান জরিপ

শিক্ষা মানব জাতির উন্নতির চাবিকাঠি, সন্দেহ নেই। আর এ জন্যই ক্ষমতাসীন সকল সরকারের প্রথম এবং প্রধান লক্ষ্য থাকে শিক্ষা ব্যবস্থার উন্নয়ন। দেশের বর্তমান মাননীয় প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া শিক্ষা বিস্তারের লক্ষ্যে অনেক বাস্তবমুখী কর্মসূচী নিয়েছেন, যা সত্যিই প্রশংসনীয়। কিন্তু তার নেয়া কর্মসূচী কতটুকু বাস্তবায়িত হবে তা নিয়ে সন্দেহ রয়েছে। কর্মসূচী বাস্তবায়নের সাথে দুটো শ্রেণী সম্পৃক্ত। একটি হচ্ছে প্রশাসনিক দিক যাতে রয়েছে বিভিন্ন পর্যায়ের অফিস-আদালতের কর্মকর্তা-কর্মচারী আর অপরটি হচ্ছে শিক্ষা প্রতিষ্ঠান তথা শিক্ষক-কর্মচারী। এই দুই শ্রেণীর মধ্যে রয়েছে নিবিড় (!) সম্পর্ক যার ফলে শিক্ষার উন্নতি, অগ্রগতি, গুণগতমান, প্রতিষ্ঠানের বাস্তব অবস্থা সবই কাগজে-কলমে রেকর্ড-নির্ভর হয়ে পড়েছে।

শিক্ষা প্রতিষ্ঠানের ভৌত অবকাঠামো, শিক্ষা ব্যবস্থাপনা, শিক্ষা কার্যক্রম, পরীক্ষার ফলাফল ইত্যাদি সঠিক তথ্য নিরূপণের লক্ষ্যে ইতিপূর্বে একাধিকবার জরিপকার্য চালানো হয়েছে। কিন্তু এর ফলাফল বা উদ্দেশ্য-লক্ষ্য কতটা অর্জিত হয়েছে তা বলা মুশকিল। বর্তমানে একটি জরিপ চলছে। শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক নং-শিমশা-৭/৩ কর্মসূচী-১১ (১) ২০০১/৩৯৯ তাং ১১-১২-২০০১ মোতাবেক সরকারী ও বেসরকারী মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানগুলোর জরিপ ও ম্যাপিং করে মানসম্মত ও নিম্নমানের শিক্ষা প্রতিষ্ঠান চিহ্নিত করা। এই জরিপের দায়িত্ব দেয়া হয়েছে উপজেলা প্রকল্প কর্মকর্তাগণকে (উপবৃত্তি অফিসার)। আমার আগৈলঝাড়ার প্রকল্প কর্মকর্তা জরিপের বিষয়টি শিক্ষা প্রতিষ্ঠানকে জানানোর সাথে সাথে প্রতিষ্ঠান প্রধানদের দৌড়াদৌড়ি শুরু হয়ে যায়। এবারের জরিপটি গুরুত্বপূর্ণ এ কারণে যে, এর মাধ্যমে মানসম্মত ও নিম্নমানের শিক্ষা প্রতিষ্ঠান চিহ্নিত করতে হবে। এতে ৪০-৪৫টি বিষয়ের উপর ১০০০ নম্বরের মার্কিং রয়েছে। সকল বিদ্যালয়কে মানসম্মত দেখানোর জন্য শুরু হয়ে যায় দর কষাকষি। প্রকল্প কর্মকর্তাদের কাছে সকল প্রতিষ্ঠান দায়বদ্ধ, আর প্রতিষ্ঠানের মানসম্মত রিপোর্ট দেয়াও তার হাতে। খোঁজ নিয়ে জানা গেছে, প্রতিটি প্রতিষ্ঠান থেকে ৫০০ টাকা হতে ২০০০ হাজার টাকা পর্যন্ত নেয়া হচ্ছে। এরূপ শিক্ষা জরিপ দিয়ে দেশের, সমাজের, জাতির কতটুকু কল্যাণ হতে পারে তা সহজেই অনুমেয়। বিষয়টি খতিয়ে দেখার জন্য মাননীয় শিক্ষামন্ত্রী, প্রতিমন্ত্রী, মহাপরিচালক, জেলা প্রশাসকসহ সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করছি।

–শাহীন,
বাগধা, আগৈলঝাড়া, বরিশাল।